দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL 0২ 2006
পৃষ্ঠা ৩ কলাম ... ২

# ঢাকা ভার্সিটির ১২৬ কোটি টাকার বাজেট পেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৬-২০০৭ অর্থবছরের জন্য ১২৬ কোটি টাকার বাজেট পেশ কর য়েছে। গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে এ বাজেট পেশ করা হয়। সিনেট ধিবেশনে সভাপতিত্ব করেন সিনেটের চেয়ারম্যান বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক এসএমএ ফায়েজ াষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ কর্তৃক পেশকৃত ১২৬ কোটি টাকা বাজেটের মধে ১৪ কোটি টাকা দিবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। বাকি ১২ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজ ায় থেকে দেখানো হয়েছে। বাজেটের ৬৯ দশমিক ২৩ শতাংশ অর্থাৎ ৮৭ কোটি ২৩ লাখ জার টাকা ব্যয় হবে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ। (১৪শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির ১২৬ কোটি

(তৃতীয় পৃঃ পর)

এর মধ্যে শিক্ষকদের জন্য ৪৫ কোটি ৭৯ লাখ ৩০ হাজার টাকা, কর্মকর্তাদের জন্য ১৩ কোটি ৯৯ লাখ ৮ হাজার টাকা এবং কর্মচারীদের বেতন বাবদ ২৭ কোটি ৪৫ লাখ ৩১ হাজার টাকা খরচ হবে। এছাড়া পেনশন বাবদ ব্যয় হবে ১৮ কোটি ২৫ লাখ টাকা। শিক্ষা সহায়ক খাতে ১১ কোটি ৪৪ লাখ ৯৩ হাজার এবং সাধারণ কার্যক্রম ও বিবিধ খাতে ১৩ কোটি ৭ লাখ ২৫ হাজার টাকা প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে গবেষণা খাতে বরাদ্দ করা হয়েছে ১ কোটি ৪৭ লাখ ৬৫ হাজার টাকা। গত বছর এ খাতে ছিল ১ কোটি ১৯ লাখ ৫০ হাজার টাকা। গত বছর শিক্ষা সহায়ক খাতে বরাদ্দ ছিল ১৩ কোটি ১১ লাখ ৭৩ হাজার টাকা।

### বুয়েটের বাজেট ঘোষণা

সোমবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) সিন্ডিকেট সভায় ২০০৬-২০০৭ অর্থ-বছরের জন্য ৪৬ কোটি ২০ লাখ টাকার মূল বাজেট অনুমোদন হয়। একই সভায় ২০০৫-০৬ অর্থবছরের জন্য ৪১ কোটি ২৩ লাখ টাকার সংশোধিত বাজেটও পাস হয়। সিন্ডিকেট সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি ও সিন্ডিকেট সভাপতি অধ্যাপক ড. আলী মুর্তাজা। ২০০৬-০৭ অর্থবছরের ৪৬ কোটি ২০ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দিবে ৪২ কোটি ৬০ লাখ টাকা। এছাড়া নিজস্ব আয় ধরা হয়েছে ৩ কোটি ৬০ লাখ টাকা।